২০২৪

ষষ্ঠ সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় শকুন্তলার চরিত্রটি পুরাণ-মহাকাব্যের থেকে কতখানি স্বতন্ত্র, আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

২। (ক) 'সোনার তরী' কাব্যের 'সোনার তরী' কবিতাটি রূপক কবিতা হিসেবে কতখানি তাৎপর্য বহন করেছে, তা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) নজরুল ইসলামের 'দারিদ্র্য' কবিতার ভাববস্তু ও নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৩। (ক) অমিয় চক্রবর্তীর 'সংগতি' অবলম্বনে কবির সমন্বয়বোধের স্বরূপ সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) অমিতাভ দাশগুপ্তের 'আমার নাম ভারতবর্ষ' কবিতায় ভারতবর্ষের যে চিত্র ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ১০

৪। (ক) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রিকাটিকে কেন অনুযোগপত্র বলা হয়, সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'সোমের প্রতি তারা' পত্র অনুসরণে তারা চরিত্রটির স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫

৫। (ক) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতার ভাববস্তু সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "আমার চক্ষে পুরুষ-রমনী কোনো ভেদাভেদ নাই" — কবির এই মন্তব্যের মর্মার্থ নিরূপণ করো। ৫

৬। (ক) "নগরীর মহৎ রাত্রিকে তার মনে হয় / লিবিয়ার জঙ্গলের মতো" — কবির এই মন্তব্যের নিহিতার্থ ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "আদিম হিংস্র মানবিকতার যদি আমি কেউ হই / স্বজনহারানো শ্মশানে তোদের / চিতা আমি তুলবই।" — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) শূর্পণখার প্রেম নিবেদন, তার যন্ত্রণাবিদ্ধ হৃদয়ের বহিঃপ্রকাশ।— আলোচনা করো।

(খ) 'বসুন্ধরা' কবিতায় কবির মর্ত্যপ্রীতির পরিচয় সংক্ষেপে লেখো।

(গ) 'বৃক্ষ' কবিতায় কবির সত্তার সঙ্গে বৃক্ষের সম্পর্কটি নিরূপণ করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'বীরাঙ্গনা কাব্য'-টি কত সালে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'বীরাঙ্গনা কাব্য'-টি কবি কাকে উৎসর্গ করেন?

(গ) 'বীরাঙ্গনা কাব্য'-তে মোট কটি পত্র আছে?

(ঘ) "কে তুমি, বিজন বনে ভ্রম হে একাকী"— 'তুমি' কে?

(ঙ) "... তোমা বিনা / নাহি গতি অভাগীর আর এ সংসারে" — কার উক্তি?

(চ) 'সঞ্চিতা' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(ছ) 'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(জ) "ফুটবে আবার দোলনচাঁপা" — কখন ফুলটি ফুটবে?

(ঝ) 'সোনার তরী' কাব্যের প্রকাশকাল লেখো।

(ঞ) "সত্য করে কহ মোরে, হে বৈষ্ণব কবি" — কবি, বৈষ্ণব কবিকে কী প্রশ্ন করেছেন?

(ট) "একখানি গ্রাম, তীরে শুকাইছে জাল"— কবি এখানে কাদের কথা বলেছেন?

(ঠ) "তবু তাকে খুঁজি সারাক্ষণ" — কবি কাকে সারাক্ষণ খোঁজেন?

(ড) 'বোধন' কবিতায় কবি কাকে আহ্বান করেছেন?

(ঢ) "প্রথম স্বপ্নেরা হলো স্বাধীন।" — কখন কবির প্রথম স্বপ্নেরা স্বাধীন হল?

(ণ) 'সোহংবাদ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

---

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

পত্র : CC-14

[ সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ভবভূতির যে-কোনো একটি নাটক অবলম্বন করে সংস্কৃত নাট্যসাহিত্যে তাঁর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'গীতগোবিন্দম্' কাব্য অবলম্বন করে কবি জয়দেবের প্রতিভার পরিচয় দাও। ১০

২। (ক) ডিকেন্স-এর উপন্যাস রচনার বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বার্নার্ড শ-এর দু'টি নাটক সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ১০

৩। (ক) "ঔপন্যাসিক প্রেমচন্দ সমকালীন ভারতীয় সাহিত্যক্ষেত্রে বিশেষ উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছেন।" — মন্তব্যটির প্রেক্ষিতে প্রেমচন্দের মূল্যায়ন করো। ১০

*অথবা,*

(খ) কবি মহাদেবী বর্মার কবি কৃতিত্বের পরিচয় দাও। ১০

৪। (ক) 'হর্ষচরিত' কার লেখা? রচনাটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকটির বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) 'Endymion' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) শেক্সপিয়র রচিত একটি কমেডি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৬। (ক) নিরালা রচিত 'চোটী কী পকড়' উপন্যাস বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) নাটককার হিসাবে ভারতেন্দু হরিশচন্দ্রের সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) মৃচ্ছকটিকম্

(খ) এ রুম অফ ওয়ানস ওন

(গ) শতরঞ্জ কী খিলাড়ী।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'রঘুবংশম্' কার লেখা, কী জাতীয় রচনা?

(খ) 'মালবিকাগ্নিমিত্রম্' নাটকটির নায়ক কোন রাজ্যের রাজা ছিলেন?

(গ) মহাশ্বেতা চরিত্রটি কোন সংস্কৃত রচনায় পাওয়া যায়?

(ঘ) 'মৃচ্ছকটিক' নাটকটির পটভূমি হিসেবে কোন রাজ্যের উল্লেখ পাওয়া যায়?

(ঙ) জয়দেব কোন শতকের কবি?

(চ) ইংরেজি কাব্যসাহিত্যে বিখ্যাত 'Lucy' সিরিজটি কার লেখা?

(ছ) বার্নার্ড 'শ কত সালে নোবেল পুরস্কার পান?

(জ) 'Waverly' উপন্যাসটি কে রচনা করেন?

(ঝ) 'Adonais' কাব্যটি কে, কার উদ্দেশ্যে রচনা করেছেন?

(ঞ) সামুয়েল বেকেট রচিত একটি নাটকের নাম লেখো।

(ট) কোন হিন্দি সাহিত্যিকের প্রকৃত নাম ধনপত রায়?

(ঠ) কত খ্রিস্টাব্দে ভারতেন্দু হরিশচন্দ্রের প্রয়াণ ঘটে?

(ড) 'স্মৃতি কী রেখাএঁ'— গ্রন্থটির রচয়িতার নাম লেখো।

(ঢ) 'অপ্সরা' উপন্যাসের নায়কের নাম কী?

(ণ) 'দুর্লভবন্ধু' নাটকটি কোন ইংরেজি নাটকের অনুসরণে রচিত হয়েছে?

# ২০২৪

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : DSE-A-3 and DSE-A-4**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

## DSE-A-3

**[বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি]**

**পূর্ণমান - ৬৫**

১। (ক) 'শজারুর কাটা' কাহিনির নামকরণ কতখানি সার্থক, তা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'শজারুর কাঁটা' অবলম্বনে নৃপতি লাহার বাড়ির আড্ডায় উপস্থিত চরিত্রদের পরিচয় দাও। ১০

২। (ক) প্রফেসর শঙ্কুর গল্পগুলি রোমাঞ্চকর অভিযানের কাহিনি হিসেবেও আকর্ষক।— যে-কোনো দুটি পাঠ্য গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) ম্যাকাও-এর পরিচয় এবং কর্মদক্ষতার কথা গল্প অবলম্বনে আলোচনা করো। ১০

৩। (ক) দামুকাকা কে? তিনি কী ধরনের বিপত্তির সম্মুখীন হয়েছিলেন লেখো। ১০

*অথবা,*

(খ) "সেখানে গঙ্গার ধারে আমার পূর্বপুরুষদের একটা মস্ত বাড়ি আছে"।— উৎস নির্ণয় করো। বাড়িটির ইতিহাস বর্ণনা করো। ১০

৪। (ক) প্রবাল দেবাশিসকে খুন করতে চেয়েছিল কেন তা লেখো। ৫

*অথবা,*

(খ) "তিনটে মানুষ বেঘোরে প্রাণ দিল"— কোন তিনটে মানুষের কথা বলা হয়েছে? তাদের 'বেঘোরে প্রাণ' দেওয়ার কারণ কী ছিল? ১+৪

৫। (ক) 'ব্যোমযাত্রীর ডায়েরি' গল্প অবলম্বনে মঙ্গল গ্রহের বর্ণনা দাও। ৫

*অথবা,*

(খ) 'প্রফেসর শঙ্কু ও বোবু' গল্পে যন্ত্রের সঙ্গে মানুষের আত্মীয়তার প্রকাশ কীভাবে ঘটেছে, সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে দেশপ্রেমের উল্লেখ আছে, এমন দুটি গল্পের বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) অহিদিদির বন্ধুদের পরিচয় দাও। ১+৪

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে ব্যোমকেশ কর্তৃক আসল অপরাধীকে চিহ্নিতকরণের সূত্রগুলি

(খ) শঙ্কুর ডায়েরির পৃষ্ঠাগুলির বিশেষত্ব

(গ) তেপান্তরের পারের বাড়ি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) অসুস্থ দেবাশিসকে দেখতে দীপা কোন ডাক্তারবাবুকে খবর দিয়েছিল?

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?

(গ) দীপার দুটি শখের উল্লেখ করো।

(ঘ) দেবাশিসের কীসের ব্যবসা ছিল?

(ঙ) দেবাশিসের ফ্যাক্টরির নাম কী?

(চ) প্রফেসর শঙ্কু কেন টেরাটম গ্রহের প্রাণীদের মুক্তি না দিয়ে তাদের ধ্বংস করেছিলেন?

(ছ) প্রফেসর শঙ্কুর সঙ্গে আলেকজান্ডার ক্রাগের সাক্ষাৎ হয়েছিল কোন দেশে?

(জ) সকালে ম্যাকাওকে কী খেতে দেওয়া হয়েছিল?

(ঝ) শঙ্কুর সাথে কোন জার্মান বৈজ্ঞানিক সভায় উপস্থিত ছিলেন?

(ঞ) 'কাগজে আশ্চর্য খবর'— আশ্চর্য খবরটি কী?

(ট) কলম সরদারকে ধরতে পুলিশকে ভূত কেন সাহায্য করেছিল?

(ঠ) সব ভূতুড়ের মধ্যে মানুষের হাতে ভূতের জব্দ হওয়ার কথা আছে, এমন একটি গল্পের নাম লেখো।

(ড) গল্পকথকের বড়োমামা কোথায় বাড়ি কিনেছিলেন?

(ঢ) 'হিপনোজেন' শব্দের অর্থ লেখো।

(ণ) গোপেনবাবু বাক্সটি কোথায় লুকিয়ে রেখেছিলেন?

## DSE-A-4

### [ তুলনামূলক সাহিত্য ]

### পূর্ণমান - ৬৫

১। (ক) কালিদাসের 'মেঘদূত' প্রসঙ্গে রবীন্দ্রনাথের যে-কোনো তিনটি রচনার উল্লেখ করো। প্রসঙ্গত রবীন্দ্রভাবনায় 'মেঘদূত'-এর তাৎপর্য ব্যাখ্যা করো। ৩+৭

*অথবা,*

(খ) জয়দেবকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্ত করার কারণ নির্দেশ করো। ১০

২। (ক) উনিশ শতকের বাংলা গীতিকবিতার ধারায় শেক্সপিয়রের সনেটের প্রভাব কতখানি পড়েছিল, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) সুধীন্দ্রনাথ দত্তের উপর টি. এস. এলিয়টের প্রভাব কতখানি সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। (ক) দক্ষিণ ভারতীয় ভাষায় রবীন্দ্রচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) প্রেমচাঁদ ও শরৎচন্দ্রের একটি করে উপন্যাস অবলম্বনে উভয়ের সমাজভাবনার সাদৃশ্য আলোচনা করো। ১০

৪। (ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন ভারতে মানস ভ্রমণে' কালিদাসের প্রভাব কতখানি দেখাও। ৫

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের উপর জয়দেবের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) রবীন্দ্র নাটকে শেক্সপিয়রের প্রভাব কতখানি তা সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) বাংলা কাব্যে নৈর্ব্যক্তিকতার প্রসারে টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) গুজরাটি সাহিত্যে রবীন্দ্রচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) মনুষ্যেতর প্রাণী নিয়ে লেখা দুটি গল্প অবলম্বনে শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দৃষ্টিভঙ্গির তুলনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) কুমারসম্ভবম্

(খ) ওথেলো

(গ) সদ্‌গতি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) উর্বশী ও পুরূরবা কালিদাসের কোন নাটকের চরিত্র?

(খ) 'আষাঢ়স্য প্রথম দিবস'— কালিদাসের কোন রচনার অনুষঙ্গে জড়িত?

(গ) কালিদাসের কোন দুটি চরিত্রকে রবীন্দ্রনাথ 'কাব্যের উপেক্ষিতা' বলেছেন?

(ঘ) 'দশাবতার স্তোত্র' কার লেখা?

(ঙ) 'শাইলক' শেক্সপিয়রের কোন নাটকের চরিত্র?

(চ) শেক্সপিয়রের দুটি কমেডি নাটকের নাম লেখো।

(ছ) বিদ্যাসাগর কী নামে শেক্সপিয়রের কোন নাটকের ভাবানুবাদ করেছেন?

(জ) টি. এস. এলিয়টের 'দ্য ওয়েস্টল্যান্ড' কবিতার একজন বাঙালি অনুবাদকের নাম লেখো।

(ঝ) রবীন্দ্রনাথের 'তীর্থযাত্রী' কবিতাটি টি. এস. এলিয়টের কোন কবিতার ভাবানুসরণে লেখা?

(ঞ) রবীন্দ্রনাথের কোন গানটি সবরমতী আশ্রমে উপাসনার পর গাওয়া হতো?

(ট) মারাঠি ভাষায় অনূদিত রবীন্দ্রনাথের একটি রচনার নাম লেখো।

(ঠ) পাঞ্জাবি ভাষায় রবীন্দ্রচর্চা করেছেন এমন একজন লেখকের নাম লেখো।

(ড) কোন ভারতীয় সাহিত্য রবীন্দ্রনাথের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছে?

(ঢ) শরৎচন্দ্রের 'অভাগীর স্বর্গ'-র প্রভাব প্রেমচাঁদের কোন রচনায় পড়েছে?

(ণ) 'সেবাসদন' কত সালে প্রকাশিত হয়?

# ২০২৪

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : DSE-B-3 and DSE-B-4

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

## DSE-B-3

### [ চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য ]

### পূর্ণমান - ৬৫

১। (ক) 'চৈতন্যভাগবত' অবলম্বনে কবি বৃন্দাবন দাসের কবিত্ব শক্তির অসাধারণত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত'-এ সমকালীন সমাজজীবনের যে চিত্র পরিস্ফুট হয়েছে, তার পরিচয় দাও। ১০

২। (ক) "এতবড়ো অব্যর্থ ভবিষ্যদ্বাণী জীবনে আর কোনদিন কর্ণগোচর হয় নাই।"— কী প্রসঙ্গে কোন অব্যর্থ ভবিষ্যদ্বাণীর কথা বলা হয়েছে? লেখকের এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+২+৬

*অথবা,*

(খ) ঠাকুর বাড়িতে ছেলেদের শিক্ষার জন্য যে 'নানা-বিদ্যার আয়োজন' করা হয়েছিল, তার পরিচয় দাও। ১০

৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে সৈয়দ মুজতবা আলির দার্শনিক ভাবুক মনের যে পরিচয় পরিস্ফুট হয়েছে, তার স্বরূপ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'দেশে-বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের যে ছবি দেখা যায়, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

৪। (ক) 'চৈতন্যভাগবত'-এ শ্রীচৈতন্যের বিদ্যাশিক্ষার যে পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত' অবলম্বনে 'দিগ্বিজয়ী উদ্ধার' প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৫। (ক) "আমার জীবনে এইটিই আদিকবির প্রথম কবিতা"— প্রসঙ্গ উল্লেখ করে, উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "ইহার মধ্যে যেটুকু গভীরতা আছে তাহা সরোবর সংক্রান্ত— অত্যন্তই স্বচ্ছ"— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

৬। (ক) "বাকি-জীবন সে ওই পঁয়তাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।" —লেখকের অনুসরণে ঘটনাটি বর্ণনা করো। ৫

*অথবা,*

(খ) "সর্দারজি লেখকের যাত্রাপথের একটি অবিস্মরণীয় চরিত্র" — আলোচনা করো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) অদ্বৈত আচার্য

(খ) ভৃত্যরাজকতন্ত্র

(গ) আব্দুর রহমান

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) শ্রীচৈতন্যের মায়ের নাম কী?

(খ) শ্রীচৈতন্য কার কাছে কৃষ্ণমন্ত্র দীক্ষা নিয়েছিলেন?

(গ) "দ্বিতীয় দেবকী যেন সেই জগৎমাতা" — কার সম্পর্কে এ কথা বলা হয়েছে?

(ঘ) দুজন চৈতন্য-পার্ষদের নাম লেখো।

(ঙ) 'শ্রীশুক' কাকে বলা হয়?

(চ) 'নেয়ামত খলিফা' কে ছিলেন?

(ছ) রবীন্দ্রনাথ স্বপ্নে কোন গ্রন্থের প্লট পান?

(জ) 'স্বপ্নপ্রয়াণ'-এর কবি কে?

(ঝ) 'বালক' পত্রিকার সম্পাদিকা কে ছিলেন?

(ঞ) 'জীবনস্মৃতি'-র সূচনা অংশে কোন গ্রন্থের উল্লেখ আছে?

(ট) 'দেশে-বিদেশে' কী জাতীয় গ্রন্থ?

(ঠ) পাঠানমুলুকের প্রচলিত প্রবাদ কী?

(ড) সরল পাঠান ও সুচতুর ইংরেজের কোথায় মিল আছে?

(ঢ) পাঠান জীবনের প্রধান আইন কী?

(ণ) রুপোর তাজমহল কাকে বলা হয়েছে?

## DSE-B-4

### [ লোকসংস্কৃতি ও লোকসাহিত্য ]

### পূর্ণমান - ৬৫

১। (ক) লোকসাহিত্যের একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। লোকসাহিত্যের সঙ্গে তথাকথিত শিষ্ট সাহিত্যের পার্থক্যগুলি সংক্ষেপে লেখো। ২+৮

*অথবা,*

(খ) পুণ্যিপুকুর ব্রতের পরিচয় দাও। ১০

২। (ক) পাঠান্তর বলতে কী বোঝো? ছড়ার পাঠান্তরের কারণগুলি নির্দেশ করো। ২+৮

*অথবা,*

(খ) ছড়া ও ধাঁধার মধ্যে বিভিন্ন পার্থক্য নির্দেশ করো। ১০

৩। (ক) লোকগান হিসাবে বাউল গানের বৈশিষ্ট্যগুলি লেখো ১০

*অথবা,*

(খ) পশুকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।— এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

৪। (ক) বাককেন্দ্রিক লোকসংস্কৃতির পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫

*অথবা,*

(খ) টাইপ ও মোটিফের সংজ্ঞা দাও। ৫

৫। (ক) রায়বেঁশে নৃত্যের বৈশিষ্ট্য পর্যালোচনা করো। ৫

*অথবা,*

(খ) দৃষ্টান্তসহ ধাঁধার শ্রেণিবিভাগ করো। ৫

৬। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করো। ৫

*অথবা,*

(খ) ভাটিয়ালি গানের স্বরূপ পর্যালোচনা করো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) সেঁজুতি

(খ) ছৌনৃত্য

(গ) ব্রতকথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'Folklore' শব্দটি কবে প্রস্তাবিত হয়?

(খ) 'লোকশ্রুতি' শব্দটি কোন ইংরেজি শব্দের প্রতিশব্দ?

(গ) 'স্টিথ থমসন লিখিত একটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) মাঘমণ্ডল ব্রত পালনের মুখ্য উদ্দেশ্য কী?

(ঙ) 'গম্ভীরা'র নানা অর্থ।— একটি অর্থ লেখো।

(চ) গম্ভীরা নাচের মূল বিষয় কী?

(ছ) ছৌ নাচকে কে বিশ্ববিখ্যাত করেন?

(জ) ধাঁধার একটি সমনাম লেখো।

(ঝ) পুরাণকেন্দ্রিক একটি ধাঁধার উল্লেখ করো।

(ঞ) একটি বিশিষ্টার্থক শব্দগুচ্ছের উল্লেখ করো।

(ট) রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।

(ঠ) কৃষিকেন্দ্রিক একটি প্রবাদের উল্লেখ করো।

(ড) 'বাংলার লোকসাহিত্য' গ্রন্থটির রচয়িতা কে?

(ঢ) ইতিহাস আশ্রিত একটি প্রবাদের উল্লেখ করো।

(ণ) রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।